

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়  
(প্রশাসন শাখা-২)


পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ বাস্তবায়নের জন্য ইনোভেশন টিমের নভেম্বর/২০১৯  
মাসের (৩য় সভা) সভার কার্যবিবরণী

সভাপতি : ড. মোঃ আশফাকুল ইসলাম বাবুল  
যুগ্মসচিব ও সভাপতি, ইনোভেশন টিম  
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়  
সভার তারিখ : ২৪/১১/২০১৯ সময়ঃ দুপুর ১২-০০টা  
সভার স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ  
সভায় উপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট ক

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় জানানো হয় যে, Bangladesh Next Hackathon আয়োজনের পূর্ব প্রস্তুতি হিসাবে তথ্য ও যোগাযোগপ্রযুক্তি মন্ত্রণালয়ের সচিবের সভাপতিত্বে ২১/১১/২০১৯ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়সহ ২৫টি নির্বাচিত মন্ত্রণালয়/বিভাগ সম্পর্কিত ১০টি জনগুরুত্বপূর্ণ সমস্যা/ চ্যালেঞ্জ চিহ্নিত করার লক্ষ্যে মন্ত্রণালয়গুলোর Chief Innovation Officer গণকে আমন্ত্রণ জানানো হয়। মন্ত্রণালয়ের কার্যক্রমের সাথে সম্পৃক্ত ও জনগুরুত্বপূর্ণ সমস্যা/ চিহ্নিত করে তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে উক্ত সমস্যা সমাধান এবং ফলশ্রুতিতে জনহয়রানি ও দুর্গীতি হ্রাসের বিষয়ে উক্ত সভায় আলোচনা হয়। এ লক্ষ্যে প্রত্যেক মন্ত্রণালয় হতে সমস্যা চিহ্নিত করে ২৮/১১/২০১৯ তারিখের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণের অনুরোধ জানানো হয়েছে মর্মে জানানো হয়। সভায় আরো জানানো হয়, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি এবং সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির বিষয়ে ২ দিনের ২টি প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। প্রশিক্ষণ ২টি মন্ত্রণালয়ের বাইরে আয়োজন করা হবে। মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়েও আলোচনা করা হয়। সার্বিক আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- (ক) ইনোভেশন টিমের সদস্যগণ মন্ত্রণালয়ের কার্যক্রমের সাথে সম্পৃক্ত ও জনগুরুত্বপূর্ণ সমস্যা/ চিহ্নিত ও তা সমাধানের সম্ভাব্য পদ্ধতি উল্লেখপূর্বক তা ২৭/১১/২০১৮ তারিখের মধ্যে প্রশাসন-২ শাখায় জমা দিবেন;
- (খ) উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি এবং সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির বিষয়ক প্রশিক্ষণ ২টি যথাশীঘ্র আয়জন করতে হবে;
- (গ) দপ্তর/সংস্থাসমূহও তাদের কার্যক্রমের সাথে সম্পৃক্ত ও জনগুরুত্বপূর্ণ সমস্যা/ চিহ্নিত করে তা সমাধানে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করবে।

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
(ড. মোঃ আশফাকুল ইসলাম বাবুল)  
যুগ্মসচিব ও সভাপতি, ইনোভেশন টিম

স্মারক নম্বরঃ ২২.০০.০০০০.০৫২.১৬.০০১.১৯.

তারিখঃ ২৭/১১/২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ। (দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, ই- গভর্নেন্স-২ অধিশাখা)
- ২। অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ৩। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৪। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। চেয়ারম্যান, বাংলাদেশ বন শিল্প উন্নয়ন সংস্থা, মতিঝিল, ঢাকা।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, মহাখালী, ঢাকা।
- ৭। চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড।
- ৮। পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম।
- ৯। পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, মিরপুর, ঢাকা।
- ১০। যুগ্মসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
- ১১। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ আঃ রাজ্জাক সরকার)  
উপসচিব